# অধ্যাদেশে গণভোট আয়োজন সম্ভব: সালাহউদ্দিন আহমেদ



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেছেন, সরকার অধ্যাদেশ জারি করে ইসিকে গণভোট আয়োজনের নির্দেশ দিতে পারে। এতে সময় সাশ্রয় হবে এবং রাষ্ট্রীয় সম্পদের অপচয় হবে না।

সোমবার (৬ অক্টোবর) জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত "গুণমানসম্পন্ন ও গ্রহণযোগ্য নির্বাচনের চ্যালেঞ্জ ও সম্ভাবনা" শীর্ষক আলোচনায় সালাহউদ্দিন বলেন, আসন্ন সংসদ নির্বাচনের সঙ্গে গণভোট একযোগে আয়োজন করলে সময় ও সম্পদ বাঁচবে।

তিনি বলেন, স্থানীয় সরকার নির্বাচনে তিনটি ব্যালটে ভোট দেওয়ার অভিজ্ঞতা জনগণকে সংসদ ও গণভোটে অংশ নিতে প্রস্তুত করেছে। ফ্যাসিবাদবিরোধী ঐক্য অটুট রাখলে নির্বাচন নিয়ে কোনো সংকট হবে না। অংশগ্রহণমূলক নির্বাচন নিশ্চিত করতে ফ্যাসিস্টদের বিচার ত্বরান্বিত করতে হবে।

সালাহউদ্দিন আরও সতর্ক করেন, নির্বাহী আদেশে রাজনৈতিক দল নিষিদ্ধ করা ভবিষ্যতে ভয়ঙ্কর প্র্যাকটিস হতে পারে।